ইত্তেফাক

০৬৬০৭৭ 077

তারিখ ... 27/11/79 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

## ইয়াসিন কলেজে ছাত্র সংঘর্ষ প্রতিবাদ সভা

ফরিদপুর, ২৫শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতার তার)—গতকাল ইয়াসিন কলেজ প্রাঙ্গণে ছাত্রলীগ (মান্না) কর্মীদের উপর উক্ত কলেজের একদল ছাত্রের হামলার প্রতিবাদে আজ স্থানীয় জনতা ব্যাঙ্ক প্রাঙ্গণে স্থানীয় জাসদ ও ছাত্রলীগের (মান্না) যৌথ উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সংসদ সদস্য মিয়া মতিন। তিনি এই হামলার নিন্দা করেন এবং দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন। উল্লেখ্য, গতকাল স্থানীয় ইয়াসিন কলেজে ছাত্রলীগ (মান্না) কর্মী এবং অপর একটি ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে ৩২ জন গুরুতর আহত হয়।

## ভাষাতত্ত্বে পি এইচ ডি ডিগ্রী লাভ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মনিরুজ্জামান ভারতের মহীশুর বিশ্ববিদ্যালয় হইতে ভাষাতত্ত্বে পি এইচ ডি ডিগ্রী লাভ করিয়াছেন। তিনি ঢাকার আদিয়াবাদের মরহুম নাদেরুজ্জামানের পুত্র ও মরহুম অধ্যাপক মুহম্মদ আবদুল হাইয়ের জামাতা। খবর প্রেস বিজ্ঞপ্তির।